

জাতীয় কারাতে প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীর স্বর্ণপদক লাভ



বাংলাদেশ কারাতে ফেডারেশনের আয়োজনে বঙ্গবন্ধু জন্ম শতবার্ষিকী ২৬ তম জাতীয় কারাতে প্রতিযোগিতায় (৬৭ কেজি ওজন শ্রেণিতে) নাট্যকলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের মোহাম্মদ জর্জিস আনোয়ার নাইম স্বর্ণপদক অর্জন করেন।

এই উপলক্ষে ২১ ডিসেম্বর ২০২০-সোমবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ স্বর্ণপদক জয়ী শিক্ষার্থী নাইমকে শুভেচ্ছা এবং অভিনন্দন জানান। এসময় প্রক্টর ড. মোস্তফা কামাল উপস্থিত ছিলেন।

উল্লেখ্য মিরপুরের শহীদ সোহরাওয়ার্দী ইনডোর স্টেডিয়ামে গত (১০-১২) ডিসেম্বর ৩ দিন ব্যাপি কারাতে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।